

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারকনং-৫১.০১.০০০০.০০৩.১৮.৩৩৩.১০. ২০৭

তারিখঃ ২৮.০২.২০২১ খ্রি.

অফিস আদেশ

বিভাগীয় মামলা নং-০৫/২০২০

যেহেতু, জনাব মোঃ নুরুন্নবী সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি (প্রাক্তন পিআইও সুন্দরগঞ্জ, গাইবান্ধা) এর বিরুদ্ধে তিনি সুন্দরগঞ্জ উপজেলায় কর্মরত থাকাকালীন ২০১৮-২০১৯ অর্থ বছরে একই দিনে কর্মস্থলে উপস্থিত থেকেও দাপ্তরিক কাজে বাইরে অবস্থান দেখিয়ে পূর্ণ দিনের দৈনিক ভাতা উত্তোলনের অভিযোগ এবং সহকর্মীদের সাথে খারাপ আচরণ এর জন্য সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) ধারামতে অসদাচরণ ও দুর্নীতির দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়।

যেহেতু, উল্লিখিত অভিযোগের কারণে তীর বিরুদ্ধে অভিযোগনামা গঠন করে অধিদপ্তর হতে গত ০৩.০৯.২০২০ তারিখে ৫১.০১.০০০০.০০৩.১৮.৩৩৩.১০(অংশ-১).৬০৩ নং স্মারকে অভিযোগ বিবরণীসহ তীর বরাবরে প্রেরণ করা হয়। তিনি গত ১৫.১০.২০২০ তারিখে অভিযোগনামার জবাব দাখিল করেন। অভিযোগের বিষয়ে আরও তথ্য অনুসন্ধানের জন্য এ অধিদপ্তরের পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) জনাব এস এম এনামুল কবির (যুগ্ম-সচিব)কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা সরেজমিনে তদন্ত করে গত ২৭.১২.২০২০ তারিখে ৫১.০১.০০০০.০০৩.১৬.০০৫.২০.৫৮০ নং স্মারকে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে তীর বিরুদ্ধে আনীত দুর্নীতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

যেহেতু, তাকে গুরুদণ্ড দেয়ার সিদ্ধান্ত নিয়ে গত ১০.০১.২০২১ তারিখে ২য় কারণ দর্শানোর জন্য বলা হয়। তিনি জবাব দাখিল করেননি। তবে যেহেতু বিল উত্তোলনের বিষয়ে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা গাইবান্ধা অনুমোদন করেছেন এবং উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সুন্দরগঞ্জ বিল পাশ করেছেন। বিধায় শাস্তির বেলায় নমনীয়ভাবে প্রদর্শন করে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ০৩ এর (ঘ) অনুযায়ী দুর্নীতির দায়ে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২(ঘ) মোতাবেক লঘু-দণ্ড হিসেবে স্থায়ীভাবে বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ করে তীর বিরুদ্ধে রুজুকৃত ০৫/২০২০ নং বিভাগীয় মামলাটি নিষ্পত্তির আদেশ দেয়া হয়েছে অর্থাৎ তিনি ১০ম গ্রেডের প্রারম্ভিক বেতন পাবেন। পরবর্তীতে বিধি মোতাবেক বার্ষিক বর্ধিত বেতন প্রাপ্ত হবেন। সে অনুযায়ী বেতন নির্ধারণ করতে মর্মেও আদেশে উল্লেখ করা হয়েছে।

সেহেতু, জনাব মোঃ নুরুন্নবী সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি (প্রাক্তন গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলা) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ০৩ এর (ঘ) মোতাবেক দুর্নীতির দায়ে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২(ঘ) মোতাবেক লঘু-দণ্ড হিসেবে বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ করে তীর বিরুদ্ধে রুজুকৃত ০৫/২০২০ নং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

১) এ আদেশ ১০.০২.২০২১ তারিখ হতে কার্যকর হবে।

২৮.০২.২০২১
(লুৎফুন নাহার)
(উপসচিব)
উপপরিচালক(প্রশাসন-১)
ফোন-৯৮৬১৩৬০।

স্মারক নং- ৫১.০১.০০০০. ০০৩.১৮.৩৩৩.১০. ২৫৭

তারিখঃ ২৮.০২.২০২১খ্রি।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম/রংপুর।
- ০৩। পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, রাঙ্গামাটি/ গাইবান্ধা।
- ০৫। উপ-পরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৬। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
- ০৭। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি/ সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ০৯। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, রাঙ্গামাটি/ রাঙ্গামাটি।
- ১০। জেলা ত্রাণ পুনর্বাসন কর্মকর্তা, রাঙ্গামাটি/ গাইবান্ধা।
- ১১। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাঘাইছড়ি, রাঙ্গামাটি/ সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ১২। জনাব মোঃ নুরুন্নবী সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি। (প্রাক্তন পিআইও সুন্দরগঞ্জ, গাইবান্ধা)
- ১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

২৮.০২.২০২১

(লুৎফুন নাহার)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোন-৯৮৬১৩৬০